মেহেরপুরে কাবাডি খেলোয়াড় ট্রাকের ধাক্কায় আহত

মেহেরপুরে ট্রাকের ধাক্কায় পা হারাতে বসেছে রজনি খাতুন(১৬)নামের এক কাবাডি খেলোয়াড়।

আহত রজনি খাতুন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে এবছর এসএসসি পরীক্ষার্থী। বর্তমানে সে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন।

আজ সোমবার (১২ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের দারুসসালাম ক্লিনিকের সামনে এ দূর্ঘটনা ঘটে।

জানা গেছে, মেহেরপুর জেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে আন্ত: জেলা ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা মেয়েদের কাবাডি খেলা প্রতিযোগীতায় আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় জেলা পর্যায়ের ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। বিদ্যালয়ের এসব খেলোয়াড় একটি আলগামন যোগে বিদ্যালয়ে ফিরছিলেন। হঠাৎ একটি ট্রাক তাদের আলগামনকে ধাক্কা দিলে রজনি খাতুনের ডান পায়ের মাংস খসে যায়। এসময় তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নিয়ে আসেন। বর্তমানে সেখানেই চিকিৎসাধীন রয়েছেন।

মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক তারিক জানান, রজনি খাতুনের ডান পায়ের ক্ষত হয়েছে। ভর্তি রেখে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে।তবে এখন আশংকামুক্ত।

মুজিবনগরে কর্মকর্তা- কর্মচারীরা অফিসে আসেন দেরিতে

মুজিবনগর উপজেলার সরকারি অফিসগুলোতে মানা হচ্ছে না সরকারের নতৃন নিয়ম।এখানে কর্মরত সরকারি কর্মকর্তা-কর্মচারীরা সরকার নির্ধারিত

নতুন সময় সূচিতে অফিস করছেন না কেউ।অনেকে দেরিতে অফিসে আসছেন আবার নির্ধারিত সময়ের আগেই অফিস ত্যাগ করছেন।

গতকাল রবিবার (১১ সেপ্টেম্বর) সকাল ৮টা থেকে দুপুর ১১টা পর্যন্ত মুজিবনগর উপজেলা প্রশাসন কার্যালয়ে মেহেরপুর প্রতিদিনের টিম সরেজমিনে গিয়ে অনিয়মের এই চিত্র পেয়েছে। ঘড়ির কাঁটায় তখন সকাল ৯টা ৩৭ মিনিট। উপজেলা মৎস্য কর্মকর্তার অফিস তালাবদ্ধ। একটু পরেই একজন লোক এসে অফিস খোলেন। তিনি নিজেকে অফিসের পিওন পরিচয় দিয়ে বলেন সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম মন্ত্রীর সাথে দেখা করে অফিসে আসবেন।

মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত হতে পারেননি যথাসময়ে।সকাল ৯ টার সময়েও তাকে অফিসে পাওয়া যায়নি। যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় খোলা থাকলেও উপস্থিত ছিলেন মাত্র একজন। যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন অফিসে প্রবেশ করেননি। মোবাইল ফোনে যুব উন্নয়ন কর্মকর্তা রাকিবের সাথে কথা বললে তিনি জানান আমি আজকে জেলা অফিসে ছিলাম। সেখান থেকে এই মাত্র (৩.৫০ মিনিট) বাসাতে ফিরলাম। অফিসে যাওয়া হয়নি আজকে।অফিসের মুভমেন্ট খাতায় সই করে বাইরে যাওয়ার নিয়ম থাকলেও অনেক সময় সেটা মানা হয়না বলে জানান এই কর্মকর্তা।

সকাল সাড়ে ৯ টা পর্যন্ত উপজেলা নির্বাচন কর্মকর্তা মেহেদী হাসানের দরজায় দেখা যায় সেবা গ্রহীতার অপেক্ষা। তার অফিস কক্ষের তালা সকাল ৯ টার পরে খোলা হলেও সকাল ১০ টা পর্যন্ত অফিসার আসেননি।

সকাল সাড়ে ৯টা পর্যন্ত মুজিবনগর উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর কার্যালয়ের অফিসারের রুমটি ছিল তালাবদ্ধ। দেখা গেছে এই জনগুরুত্বপূর্ণ অফিসটি চালাচ্ছেন একজন চতুর্থ শ্রেণীর কর্মচারী। তবে, খাদ্য নিয়ন্ত্রক মনিরুজ্জামান মোবাইল ফোনে বলেন, আমি মুজিবনগরে এবং জেলায় অতিরিক্ত দায়ীত্বে রয়েছে। যে কারনে প্রতিদিন মুজিবনগরে অফিস করা সম্ভব হয়না। কাজ থাকলে যায়। না থাকলে সদর এবং মেহেরপুর কাজ করি।

সকাল সাড়ে ৮ টা পর্যন্ত উপজেলা সমবায় অফিসার মোঃ মনিরুজ্জামান ছিলেন না অফিসে। তালাবদ্ধ ছিল তার কক্ষটিও। উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক মোঃ শাহিনুজ্জামানও উপস্থিত ছিলেন না তার কক্ষে।

তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারি প্রোগ্রামার এনাম

আহমেদ সহজ প্রতিদিনই অফিসে আসেন দেরিতে। আজকেও তার সেই চিত্র পাওয়া গেছে। সকাল ৯:৩০ পর্যন্ত তিনি অফিসে আসেননি। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কাউসার আলী এর কার্যালয় ছিল তালাবদ্ধ। তার পাশাপাশি তালাবদ্ধ অবস্থায় ছিল সহকারী পল্লী উন্নয়নের অফিসার মোঃ আব্দুস সালামের কক্ষটিও।

উপজেলা হিসাবরক্ষণ অফিসের অডিটর মোঃ পলাশ আলীর অফিস আসেননি সঠিক সময়ে। সকাল ৮টার সময় উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রবের তালাবদ্ধ কক্ষ, মাধ্যমিক শিক্ষা অফিসার একেএম মামুনুর রশিদের কক্ষটি খোলা থাকলেও অফিসে পাওয়া যায়নি সহকারি মাধ্যমিক শিক্ষা অফিসার। স্যার তখনো অফিসে পৌছাননি বলে জানান অফিস সহায়ক। উপজেলা শিক্ষা অফিসার মোঃ আলাউদ্দিন ছুটিতে ভারতে রয়েছেন চিকিৎসার জন্য এমনটি জানান অফিস সহায়ক।

তবে, যথা সময়ে স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তরের (এলজিইডি)অফিসে পাওয়া গেছে প্রকৌশলী শাহীন আক্তারকে। অফিসে সঠিক সময় ছিলেন তানিয়া খন্দকার।

সূত্রে জানা গেছে, মাঠপর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের সরকার নির্ধারিত সকাল ৮টার মধ্যে অফিস কক্ষে থাকা বাধ্যতামূলক। তবে সরেজমিনে দেখা গেছে, অধিকাংশ অফিসে নির্ধারিত সময়ে কর্মকর্তারা আসেন না। ৮টায় অফিসে আসার বাধ্যবাধকতা থাকলেও বেশিরভাগই সাড়ে ৯টা থেকে ১০টার মধ্যে আসেন। এ সুযোগ নিয়ে অধস্তন কর্মচারীরাও নির্ধারিত সময়ে অফিসে আসছেন না।

মুজিবনগরের ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) বলেন, আমি এই জেলাতে নতুন এসে সদর উপজেলাতে যোগদান করেছি। যোগদানের পরপরই গত ০৮/০৯/২০২২ তারিখ থেকে মুজিবনগরের ইউএনও হিসেবে অতিরিক্ত দায়ীত্ব দিয়েছে। আজকে রবিবার ছিল আমার কাজের প্রথম দিন। আমি যেতে পারিনি সেখানে। খোঁজ খবর নিয়ে তারপর বিষয়টি আমি দেখবো। তবে,সরকারি নিয়ম অনুযায়ী সরকারি কর্মকর্তা/কর্মচারীদের অফিসে আসা যাওয়া করা উচিৎ।

গাংনীর ষোলটাকা ইউনিয়নে সমন্বয় সভা অনুষ্ঠিত

এসডিজি ইউনিয়ন গড়ে তোলার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সমন্বয় সভা গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদের হলরুমে অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার(১১ সেপ্টেম্বর) দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগীতায় ষোলটাকা ইউনিয়ন পরিষদ ও ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরাম এ আয়োজন করে।

ষোলটাকা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ আনোয়ার পাশার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমন্বয় সভার প্রধান অতিথি ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম।

সমন্বয় সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা সমন্বয়কারী হেলাল উদ্দিন, ইউনিয়ন স্বেচ্ছাসেবক ফোরামের সভাপতি মোঃ মনিরুজ্জামান মনি, জুগিরগোফা মাধ্যমিক বিদ্যালয় অবসরপ্রাপ্ত শিক্ষক মহম্মোদ আলী প্রমুখ।

সভার শুরুতে গ্রাম উন্নয়ন দলের সদস্যগন তাদের গ্রাম পর্যায়ে নানামুখী সামাজিক উন্নয়নমূলক কার্যক্রমের চিত্র উপস্থাপন করেন। এবং কাজ করতে গিয়ে যে সকল চ্যালেঞ্জের মুখোমুখি হন তা ইউ,পি কাছে উপস্থাপন করেন।

ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আনোয়ার পাশা বলেন গ্রাম উন্নয়ন দলের সদস্যগন নিয়মিত তাদের গ্রামের সামাজিক সমস্যা সমাধানে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করে চলেছেন তাদের সাধুবাদ জানান।

এছাড়া গ্রাম উন্নয়ন দলের সদস্যগন গ্রামের যে কোন সমস্যা সমাধানে সহযোগিতা প্রয়োজন হলে ইউনিয়ন পরিষদ কতৃক সর্বাত্মক সহযোগিতার প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় সকল ইউ,পি সদস্য সহ,ইউনিয়নের প্রতিটি গ্রাম থেকে আগত গ্রাম উন্নয়ন দলের সভাপতি /সেক্রেটারি ও সদস্য এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন

ঐতিহাসিক মুজিবনগরকে পৌরসভার দাবীতে স্বারকলিপি প্রদান

ঐতিহাসিক মুজিবনগরকে পৌরসভার দাবীতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীকে স্বারকলিপি দিয়েছে বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য জেমস স্বপন মল্লিক বাবু।

রবিবার এলজিআরডি মন্ত্রী মো: তাজুল ইসলামের হাতে স্বারকলিপি তুলে দেন জেমস স্বপন মল্লিক বাবু।

জেমস স্বপন মল্লিক বাবু তার আবেদন লেখেন, স্বাধীনতার সূতিকাগার ঐতিহাসিক মুজিবনগর। ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্র গঠণের মধ্য দিয়ে বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্ম হয়েছে। মুজিবনগর বাংলাদেশের প্রথম রাজধানী। অথচ, আজো এই স্থানটি বাগোয়ান ইউনিয়নের আওতায় রয়েছে। বর্তমান সরকার যতবার ক্ষমতায় এসেছে ততবারই এই স্থানটির উন্নয়ন করেছে।অবকাঠামো থেকে শুরু করে জনমুখীকার্যক্রম ও নানাবিধ চাহিদা পুরুণ করেছে। তাই মুজিবনগর বাসির প্রাণের দাবী এই ঐতিহাসিক স্থানটিকে পৌরসভা ঘোষণা করে এটি আরো উচ্চমাত্রায় পৌছে দেবে।

এই স্থানটি বর্তমানে বাগোয়ান ইউনিয়ন পরিষদের আওতায় রয়েছে। বর্তমান এর ভোটার সংখ্যা ৩২ হাজারের বেশী। মুজিবনগরে প্রতিদিন প্রচুর পরিমান দেশী/বিদেশী পর্যটক আসছেন। বিভিন্ন যানবাহনে করে পিকনিককরতে আসেন। এখানে ব্যক্তি পর্যায়ে ভিন্ন ক্ষুদ্র ও মাঝারি শিল্পকারখানা গড়ে উঠেছে।

বিশাল আয়তনের মুজিবনগর কমপ্লেক, পিকনিকস্পট, উপজেলা পরিষদ, থানা ও দুইটি হাট, সরকারি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, দুই টি মহিলা কলেজ, পলি টেকনিক্যাল কলেজ, বাসস্ট্যান্ড, কেদারগঞ্জ বাজার, পরিনস্কার পরিচ্ছন্নত, আর্সেনিকমুক্ত পানীয় জল, আলোয় আলোকিত রাস্তা ঘাটের উন্নয়ন, শিক্ষা, প্রাথমিক চিকিৎসাকৃষি উন্নয়ন ও সার্বিক নিরাপত্তা ও এলাকার উন্নয়নে এবং জনগণের জন্য পৌর সেবা অতীব হয়ে উঠেছে।তাই এখানে পৌরসভা ঘোষণা করার জন্য অনুরোধ জানান তিনি।

মেহেরপুরে পায়রার ব্যবস্থাপনায় টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন

‘পায়রা’ নামের একটি বেসরকারি উন্নয়ন মূলক সংগঠনের ব্যবস্থাপনায় মেহেরপুরে প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে টিউবওয়েল স্থাপন করা হচ্ছে। এ কর্মসূচীতে অর্থায়ন করছে শারদা নামের একটি বিদেশী এনজিও সংস্থা।

রবিবার সকালে পায়রার সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সংস্কৃতি উপ-কমিটির সদস্য আসলাম হোসেন শিহির এবং নির্বাহী পরিচালক ও আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার উপ-কমিটির সদস্য এম এ এস ইমন ভার্চুয়ালি টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন করেন।

এসময় পায়রার অর্থ সম্পাদক মোস্তাফিজুর রহমান চন্দন, সদস্য মুজাহিদ আল মুন্না সেখানে উপস্থিত ছিলেন।

এধাপে ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় ৭টি টিউবওয়েল বসানো হবে। এর আগে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরে প্রতিষ্ঠান ৩টি টিউবওয়েল স্থাপন করা হয়।

পায়রার নির্বাহী পরিচালক এমএএস ইমন জানান, মেহেরপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করবে পায়রা। সংস্থাটি আগামী ১ বছরে জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও ২টি পৌর এলাকায় ব্যাক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ২ হাজার টিওবয়েল স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও মসজিদ ও মসজিদের অজুখানাসহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজের পরিকল্পনা করা হয়েছে।

মাদক বিক্রির পাওনা টাকা আদায় করতেই জামালকে হত্যা

হেরোইন বিক্রির পাওনা টাকা আদায় করতেই জামালকে শ্বাসরোধ করে হত্যা শেষে তার ইজিবাইক ছিনতাই করে মাদক বিক্রেতা বাচ্চু মিয়া। এর আগে পূর্বপরিকল্পনামতে মেহেরপুর শহরের সন্নিকটে ময়ামারী রাস্তার লিচু বাগানে বসে দুজনে হেরোইন সেবন করে।

এর মাত্র এক দিনের ব্যবধানে সে ইজিবাইক বিক্রি করে কুষ্টিয়াতে। এসবই ছিল মাদক ব্যবসায়ী ঘাতক বাচ্চুর পূর্বপরিকল্পনা।
জামাল হত্যার প্রধান আসামি বাচ্ছু মিয়াকে আটকের পর পুলিশের কাছে প্রাথমিক জিজ্ঞাসাবাদে হত্যার কথা স্বীকার করে এসব কথা জানিয়েছে সে। বাচ্চু মিয়া মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের মৃত আব্দুল লতিফের ছেলে।

তথ্য প্রযুক্তি ব্যবহার করে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) ও সদর থানা পুলিশ যৌথভাবে গতকাল সকালে অভিযান চালিয়ে কুষ্টিয়ার কালিশংকরপুর এলাকা থেকে বাচ্চু মিয়াসহ তিনজনকে আটক করেন।

তারা হলেন বাচ্চু মিয়ার বোন সোনালী খাতুন ও ইজিবাইক ক্রেতা কুষ্টিয়ার বাঁশগ্রামের বুলবুল শেখের ছেলে রাজিব শেখ।
জানা গেছে, বাচ্চু মিয়া ও অটো চালক জামাল একসঙ্গে মাদক সেবন করতেন। বাচ্চুর কাছ থেকে মাঝেমধ্যে নিহত জামাল হেরোইন কিনতেন। ইতোমধ্যে অনেক টাকা পাওনা হয়েছে জামালের কাছ থেকে। বারবার তাগাদা দেওয়ার পরেও সে টাকা পরিশোধ করতে ব্যার্থ হন জামাল।

ঘটনার দিন কৌশলে জামালকে তার গ্রামের বাড়ি গাংনী উপজেলার ধলা গ্রাম থেকে মেহেরপুর শহরের ময়ামারী সড়কে নিয়ে আসে। সেখানে একটি লিচু বাগানে দুজনে নেশা করার পর বাচ্চু মিয়া নেশাগ্রস্থ জামালকে শ্বাসরোধ করে হত্যা করে । সেখানে লাশ ফেলে রেখে ইজিবাইক নিয়ে পালিয়ে যায়। পরে ইজিবাইকটি কুষ্টিয়ার আলমপুর নামকস্থানে বাবুল শেখের ছেলে রাজিব শেখের কাছে এক লক্ষ ৩০ হাজার টাকায় বিক্রি করেন। এক লাখ টাকা দিয়ে রাজীব কিনলেও ইজিবাইকের চার্জার সহ অন্যান্য কাগজপত্র দেওয়ার পরে বাকি ৩০ হাজার পরিশোধ করার কথা তার।

গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবির ওসি সাইফুল আলম, মেহেরপুর

সদর থানার ওসি তদন্ত মেজবাহ উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স কুষ্টিয়ার কালিশংকরপুর গ্রামে অভিযান চালান।

এদিকে গতকাল শনিবার দুপুরের দিকে জামাল উদ্দীনের ভাই আলমগীর হোসেন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেছেন।

শুক্রবার দিবাগত রাতে বাচ্চু মিয়াকে আটক করার পর তার স্বীকারোক্তি অনুযায়ী ইজিবাইকটি উদ্ধার করেন।

গত বৃহস্পতিবার (৮ সেপ্টেম্বর) বিকালের দিকে ৯৯৯ থেকে কল পেয়ে মেহেরপুর শহরতলির ময়ামরী সড়কের একটি লিচু বাগান থেকে অটো চালক জামাল উদ্দীনের লাশ উদ্ধার করেন।

উল্লেখ্য,জামাল হত্যার সাথে জড়িত আটক শোলমারী গ্রামের বাচ্চু মিয়ার বিরুদ্ধে মাদক বিক্রি, চুরি ডাকাতিসহ নানা অভিযোগ রয়েছে বলে জানিয়েছেন স্থানীয়রা। কিছুদিন আগেও মাদক মামলায় জেল থেকে জামিনে মুক্ত হয়েছে। তার নামে হেরোইন, ফেনসিডিল ও গাঁজা বিক্রির অভিযোগ উঠেছে। মামলাও রয়েছে একাধিক। পুলিশের ভয়ে সে পার্শ্ববর্তি ভারতেও পালিয়ে ছিলো দীর্ঘদিন। জামাল হত্যা মামলা তাকে আটকের পর এলাকার মানুষ মুখ খুলতে শুরু করেছে।

বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় বালক ফুটবল দল উপজেলা চ্যাম্পিয়ন

সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফাইনাল খেলায় বিজয়ীদের মাঝে আনুষ্ঠানিকভাবে পুরস্কার বিতরণ ও সমাপনি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (১০ সেপ্টেম্বর) দুপুরের দিকে সদর উপজেলার ঝাউবাড়িয়া ফুটবল মাঠে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম।

সদর উপজেলা শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সভাপতিত্বে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিতছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, বীর মুক্তিযোদ্ধা আব্দুর রব বিশ্বা স।

এসময় উপস্থিত ছিলেন, ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিয়ারুল ইসলাম, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক আবুল কাশেম, সীমান্তে মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ আলী প্রমূখ ।

জাতীয় স্কুল,মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির উদ্যোগে ৪৯ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় ফুটবলগ্রুপে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল। দাবা বালিকাতে চ্যাম্পিয়ন মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী সাদিয়া তাবাচ্ছুম, দাবা বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয়ের ছাত্র তানজীফ রহমান, ফুটবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালিকা বিদ্যালয় ফুটবল দল, হ্যান্ডবল বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, হ্যান্ডবল বালকে চ্যাম্পিয়ন হয়েছে মেহেরপুর সরকারি উচ্ছ বালক বিদ্যালয় দল, কাবাডি বালিকাতে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয় দল, কাবাডি বালকে চ্যাম্পিয়ন হয়েছে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দল, রিলেরেসে চ্যাম্পিয়ন হয়েছে ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় দল।

মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি অনুমোদন

সনাতনী সম্প্রদায়ের (হিন্দু) মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের আহবায়ক কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় পুঁজা উদযাপন পরিষদ।

বাংলাদেশ পুজা উদযাপন পরিষদের কেন্দ্রীয় কমিটির সভাপতি শ্রী জেএল

ভৌমিক ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার ১১ সদস্যের এই আহবায়ক কমিটির অনুমোদন দেন।

কমিটির আহবায়ক অভিজিৎ বোস মানা, যুগ্ম আহবায়ক শ্রী সুকুমার কর্মকার ও শ্রী গুরুপদ হালদার এবং সদস্য সচীব অশোক চন্দ্র বিশ্বাস। এছাড়া কার্যকরী সদস্য কার্তিক সাহা, সুব্রত সাহা বাপ্পা, অনন্ত হালদার, প্রদীপ কুমার পাল, মহাদেব দাস, শাধন কুমার দাস ও মনোরঞ্জন হালদার।

বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দ সনাতনী সম্প্রদায়ের সকল অধিকার আদায়ে তৃনমূলের জেলা, উপজেলা এবং ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি গুলোকে গনতান্ত্রিক পদ্ধতিতে, গঠনতন্ত্র মোতাবেক স্বচ্ছতার ভিত্তিতে গঠন করার নির্দেশনা দিয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ২

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ২ আসামি গ্রেফতার হয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি গ্রেফতার হয়েছে।

শনিবার দিবাগত রাতের পৃথক সময়ে পুলিশ অভিযান চালিয়ে এই দুজনকে গ্রেফতার করে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার (১১ সেপ্টেম্বর) সকালের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর জেলা পরিষদে আ.লীগের মাঝি অ্যাড. আব্দুস সালাম

মেহেরপুর জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেয়েছেন বাংলাদেশ ছাত্রলীগ কেন্দ্রীয় কমিটির সাবেক সহসভাপতি ও জেলা আওয়ামী লীগের সাবেক সদস্য অ্যাড. আব্দুস সালাম।

আজ শনিবার বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের সভানেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে স্থানীয় সরকার নির্বাচনের মনোনয়ন কমিটির সভা শেষে এ ঘোষনা দেওয়া হয়।

মেহেরপুর জেলা পরিষদে মনোনয়ন চেয়ে অ্যাড. আব্দুস সালামসহ ৮ নেতা মনোনয়ন পত্র জমা দিয়েছিলেন।